দৈনিক ইত্তেফাক

তাং 05 SEP 2016
পৃষ্ঠা ৯৯ ... কলাম ... ৬...

নারায়ণগঞ্জে শিক্ষক লাঞ্ছনা

# ইলেকট্রনিক মিডিয়ার ভিডিও ফুটেজ তলব করেছে তদন্ত কমিটি

■ ইত্তেফাক রিপোর্ট

নারায়ণগঞ্জে স্কুল শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে 'কান ধরে উঠ-বস' করানোর ঘটনায় হাইকোর্টের নির্দেশে গঠিত বিচার বিভাগীয় কমিটি তদন্ত কাজ শুরু করেছে। তদন্তের অংশ হিসেবে বেশ কয়েকটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ওই ঘটনা নিয়ে প্রকাশিত খবরের প্রতিবেদন এবং ভিডিও ফুটেজ চেয়ে চিঠি পাঠানো হয়। সুষ্ঠু তদন্তের স্বার্থে এক সপ্তাহের মধ্যে এসব প্রতিবেদন ও ভিডিও ফুটেজ কমিটির কাছে প্রেরণ করতে বলা হয়েছে।

এ প্রসঙ্গে হাইকোর্টের অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশান ও বিচার) সাব্বির ফয়েজ সাংবাদিকদের বলেন, হাইকোর্টের নির্দেশে বুধবার থেকে বিচারিক তদন্ত কাজ শুরু করেছেন ঢাকার মুখ্য মহানগর হাকিম শেখ হাফিজুর রহমান। এর মধ্যে দশটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত সংবাদের কপি চেয়ে চিঠি পাঠানো হয়েছে। তিনি বলেন, বিচার বিভাগীয় তদন্ত কর্মকর্তা শিগগিরই ঘটনাস্থলে যাবেন।

গত ১৩ মে নারায়ণগঞ্জের বন্দর উপজেলার পিয়ার সাত্তার লতিফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তিকে লাঞ্ছনার ঘটনা ঘটে।